# আশ্রয়ন প্রকল্প বাস্তবায়ন উপজেলা টাস্কফোর্স কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ ইশতিয়াক আহমেদ, উপজেলা নির্বাহী অফিসার, আড়াইহাজার, নারায়ণগঞ্জ
তারিখ ঃ ১৯-০১-২০২৩ খ্রিস্টাব্দ
সময় ঃ সকাল ১১.০০টা
স্থান ঃ উপজেলা পরিষদের সম্মেলন কক্ষ

(উপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ পরিশিষ্ট "ক")

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সহকারী কমিশনার (ভূমি) আশ্রয়ণ প্রকল্পের পটভূমি, উদ্দেশ্য, লক্ষ্য, কর্মকৌশল ও নীতিমালা সম্পর্কে সভাকে অবহিত করেন। আলোচ্যসূচি অনুযায়ী পর্যায়ক্রমে বক্তব্য ও তথ্যাদি উপস্থাপন এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়-১ : সহকারী কমিশনার (ভূমি) জানান এ উপজেলার প্রতিটি ইউনিয়ন হতে প্রাপ্ত ৩৪৮ (তিনশত আটচল্লিশ)টি "ক" শ্রেণীর ভূমিহীন পরিবারের তালিকা জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ-এ প্রেরণ করা হলে তা মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ে পাঠানো হয়। ০২টি নাম দুইবার তালিকাভুক্ত হওয়ায় প্রকৃত সংখ্যা ৩৪৬টি, যা মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে অনুমোদিত হয়। তন্মধ্যে ১ম পর্যায়ে ৩১টি, ২য় পর্যায়ে ২৮টি, ৩য় পর্যায়ে ৫০ এবং ৩য় পর্যায়ের ৪র্থ ধাপে ১৩৫টি সহ মোট ২৪৪ (দুইশত চুয়াল্লিশ)টি পরিবার কে ইতোমধ্যে পুনর্বাসন করা হয়েছে। গত ২৯-১২-২১ খ্রিঃ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর কাযালয়ের ভিডিও কনফারেন্সের এবং রাজস্ব সভার নির্দেশনা মোতাবেক "ক" শ্রেণীর ভূমিহীন ও গৃহহীন তালিকা হালনাগাদ করার লক্ষ্যে পুনরায় যাচাই বাছাই অন্তে নতুন করে ৩৬টি ভূমিহীন ও গৃহহীন পরিবার কে পূনর্বাসন করার প্রস্তাব এবং বসবাসে অনিচ্ছুক থাকায় ২০টি পরিবারের বন্দোবস্ত বাতিলের প্রস্তাব উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে বিগত ২০-১১-২০২২ খ্রিঃ তারিখের ০৫.৪১.৬৭০২.০০০.১৪.০০০১.২২-৭৬৮ নং স্মারক মূলে জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ মহোদয় বরাবর প্রেরণ করা হয়েছে।

বিগত ০৭-১১-২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভায় অবশিষ্ট ভূমিহীন ও গৃহহীন তালিকা এবং নতুন দাখিলকৃত আবেদনসমূহ অধিকতর যাচাই বাছাই এর প্রয়োজন রয়েছে কি না, জানতে চাওয়া হলে উপস্থিত সদস্যবৃন্দ প্রকৃত ভূমিহীন ও গৃহহীন তালিকা পুনরায় যাচাইয়ের প্রয়োজনীয়তা রয়েছে মর্মে একমত পোষন করেন। সে লক্ষ্যে টাস্কফোর্স কমিটির ০৯-০১-২০২৩ তারিখের সভায় উপস্থিত হওয়ার জন্য অবশিষ্ট ১১৮টি পরিবারকে যাচাই বাছায়ের নিমিত্তে নোটিশ করা হয়। উপস্থিত ভূমিহীন ও গৃহহীন পরিবারসমূহকে ভূমি সহকারী কর্মকর্তা এবং টাস্কফোর্স কমিটির সদস্যগণ কর্তৃক দাখিলকৃত শুনানি, দাখিলকৃত কাগজপত্র এবং কৃষি খাস জমি বন্দোবস্ত নীতিমালার আলোকে যাচাই বাছাই করে ৪৬টি পরিবার কে প্রকৃত ভূমিহীন ও গৃহহীন পরিবার হিসেবে সনাক্ত করা হয়, শুনানী অন্তে ০৪টি পরিবার প্রকৃত ভূমিহীন ও গৃহহীন পরিবার নয় এবং ২৯টি পরিবার বসবাসে অনিচ্ছুক পাওয়া যায়। অনুপস্থিত অবশিষ্ট ৪০টি পরিবার কে অধিকতর যাচাই বাছাইয়ের জন্য ইউনিয়ন ভিত্তিক ভিন্ন ভিন্ন ০৪ উপ-কমিটি গঠনপূর্বক তদন্ত করা করা হয়। গঠনকৃত উপ-কমিটি কর্তৃক তদন্ত প্রতিবেদন পাওয়া যায়। তাদের প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, যাচাই বাছাইকৃত ৪০টি পরিবারের মধ্যে ১২টি পরিবার কে প্রকৃত ভূমিহীন ও গৃহহীন পরিবার হিসেবে সনাক্ত করা হয় এবং ২৮টি পরিবার তাদের নিজ এলাকা ব্যতিত অন্যত্র বসবাসে অনিচ্ছুক এবং প্রকৃত ভূমিহীন ও গৃহহীন নয় মর্মে জানা যায়। উপ-কমিটি কর্তৃক বাছাইকৃত ১২টি প্রকৃত ভূমিহীন ও গৃহহীন এবং ছিন্নমূল পরিবারের তালিকা নিম্নরূপঃ-

## হালনাগাদকৃত "ক" শ্রেণীর ভূমিহীন ও গৃহহীনদের তালিকা (তালিকা-১)

| ক্রঃ নং | দরখাস্তকারী/ দরখাস্তকারীগণের নাম | তফসিল | | | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ইউনিয়ন | মৌজার নাম | খতিয়ান আর.এস | দাগ নং আর.এস | দাগের মোট জমির পরিমাণ | জমির বর্তমান শ্রেণী | প্রস্তাবিত জমির পরিমাণ (একরে) | |
| ১। | মোঃ রুহুল আমিন মোল্লা<br>পিতামৃতঃ মোঃ মেহের মোল্লা<br>সাং- দড়ি বিশনন্দী | সদাসদী | রামচন্দ্রদী | ০১ | ১৫৩৫ | ২.৩১ | বাড়ী | ০.০২ | |



CamScanner

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২। | মো: জাকারী<br>পি: মৃত আক্কেল আলী পাঠান<br>সাং- বিশনন্দী | সদাসদী | রামচন্দ্রদী | ০১ | ১৫৩৫ | ২.৩১ | বাড়ী | ০.০২ | |
| ৩। | সোনালী মিয়া<br>পিতামৃত জবেদ আলী<br>সাং- চৈতনকান্দা | সদাসদী | রামচন্দ্রদী | ০১ | ১৫৩৫ | ২.৩১ | বাড়ী | ০.০২ | |
| ৪। | মো: সুমন<br>পিতামৃত- আরফত আলী<br>সাং- টেটিয়া | সদাসদী | রামচন্দ্রদী | ০১ | ১৫৩৫ | ২.৩১ | বাড়ী | ০.০২ | |
| ৫। | মোঃ সেকান্দর হোসেন<br>পিতাঃ মোঃ রেকমত আলী<br>সাং- খাগকান্দা | সদাসদী | রামচন্দ্রদী | ০১ | ১৫৩৫ | ২.৩১ | বাড়ী | ০.০২ | |
| ৬। | মোঃ ফেলু মিয়া<br>পিংমৃতঃ মোঃ আক্কাছ আলী<br>সাং- খাগকান্দা | সদাসদী | রামচন্দ্রদী | ০১ | ১৫৩৫ | ২.৩১ | বাড়ী | ০.০২ | |
| ৭। | মিনারা<br>স্বামী- মোঃ ইউসুফ মিয়া<br>সাং- ছোট বিনাইরচর | ব্রাহ্মন্দী | ব্রাহ্মন্দী | ০১ | ৫২৩ | ০.৯১ | বাড়ী | ০.০২ | |
| ৮। | আকলিমা আক্তার<br>পিতাঃ মোঃ জজ মিয়া<br>সাং- বড় মনোহরদী | ব্রাহ্মন্দী | ব্রাহ্মন্দী | ০১ | ৫২৩ | ০.৯১ | বাড়ী | ০.০২ | |
| ৯। | হনুফা বেগম<br>স্বামীঃ মফিজ উদ্দিন<br>সাং- বালিয়াপাড়া | ব্রাহ্মন্দী | ব্রাহ্মন্দী | ০১ | ৫২৩ | ০.৯১ | বাড়ী | ০.০২ | |
| ১০। | মোর্শেদা আক্তার<br>স্বামীমৃতঃ আব্দুল আলী<br>সাং- লস্করদী | ব্রাহ্মন্দী | ব্রাহ্মন্দী | ০১ | ৫২৩ | ০.৯১ | বাড়ী | ০.০২ | |
| ১১। | জামান মিয়া<br>পিতাঃ ইসলাম<br>সাং- উৎরাপুর | ব্রাহ্মন্দী | ব্রাহ্মন্দী | ০১ | ৫২৩ | ০.৯১ | বাড়ী | ০.০২ | |
| ১২। | জুয়েল, পিতাঃ আফসার<br>আকলিমা, সাং- উৎরাপুর | ব্রাহ্মন্দী | ব্রাহ্মন্দী | ০১ | ৫২৩ | ০.৯১ | বাড়ী | ০.০২ | |

অত্র উপজেলায় "ক" শ্রেণির ভূমিহীন ও গৃহহীন তালিকা হতে সর্বমোট ২৪৪টি পরিবার কে ইতিমধ্যে পুনর্বসান করা হয়েছে। উক্ত পুনর্বাসিত পরিবাগুলোতে সরেজমিন তদন্ত কার্য পরিচালনা করে ০৬টি ঘর তালাবদ্ধ পাওয়া যায় এবং স্থানীয় লোকজনকে জিজ্ঞাসাবাদে জানা যায় যে, তারা উক্ত ঘরগুলোতে বসবাস করেন না। ফাঁকা ঘরগুলোর পরিবারের তালিকা নিম্নরূপঃ-

## ফাঁকা ঘরগুলোর পরিবারের তালিকা (তালিকা-২)

| ক্রঃ নং | দরখাস্তকারী/ দরখাস্তকারীগণের নাম | ইউনিয়ন | মৌজার নাম | বন্দোবস্ত কেস নং | ঘর নাম্বার |
|---|---|---|---|---|---|
| ১। | ১। মমতাজ<br>স্বামীমৃতঃ আবু হানিফ<br>সাং- সিংহদী | মাহমুদপুর | খাসেরকান্দি | XII- ৪০/২০-২১ | ১৬ |
| ২। | ১। ইয়াকুব আলী<br>পিতাঃ নুর বক্স<br>২। আমেলা বেগম<br>স্বামীঃ ইয়াকুব আলী<br>সাং- দাসপাড়া | আড়াইহাজার | ঝাউগাড়া | XII- ১০৬/২১-২২ | ০৮ |



CamScanner

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৩। | হাজেরা বেগম<br>পিতাঃ মহি উদ্দিন<br>সাং- শিবপুর | আড়াইহাজার | কামরাঙ্গীরচর | XII- ৬৬/২১-২২ | ৪১ |
| ৪। | ১। তাছলিমা<br>স্বামীঃ ইকবাল হোসেন মোল্লা<br>২। ইকবাল হোসেন মোল্লা<br>পিতাঃ আবুল হোসেন মোল্লা<br>সাং- ঝাউগাড়া উত্তর | আড়াইহাজার | কামরাঙ্গীরচর | XII- ৪৬/২১-২২ | ৩৪ |
| ৫। | ১। মোঃ আকতার হোসেন<br>পিতাঃ মোঃ হাছেন মুন্সী<br>২। মোছাঃ সুফিয়া বেগম<br>স্বামীঃ মোঃ আকতার হোসেন<br>সাং- শান্তিনগর | হাইজাদী | কামালদী | XII- ৬৭/২১-২২ | ০৪ |
| ৬। | রোজিনা<br>স্বামীঃ মোঃ জাহাঙ্গীর<br>সাং- বল্লভদী | হাইজাদী | কামালদী | XII- ৬৪/২১-২২ | ৪৫ |

এছাড়া অনুষ্ঠিত সভায় সকলেই একমত হন যে, পরবর্তী ভূমিহীন ও গৃহহীনদের তালিকা করলে বা ভূমি নির্বাচনসহ সকল কার্যক্রম উপজেলার ভাঙ্গনপ্রবন ইউনিয়নগুলোকে অগ্রাধিকার দেওয়া হবে।

সিদ্ধান্ত ঃ-১ উপ-কমিটি কর্তৃক যাচাই বাছাইকৃত ৪০টি পরিবারের মধ্যে ২৮টি পরিবার প্রকৃত ভূমিহীন ও গৃহহীন নয় এবং অন্যত্র বসবাসে অনিচ্ছুক বিধায় তাদের কে "ক" তালিকা হতে বাতিলের সিদ্ধান্ত গৃহিত হয়।

সিদ্ধান্ত ঃ-২ ১ম, ২য় ও ৩য় পর্যায়ে পুনর্বাসিত ঘরগুলোর মধ্যে বর্তমানে উপকারভোগী বসবাস করছে না এমন ফাঁকা ০৬টি ঘরের বন্দোবস্ত বাতিলের সিদ্ধান্ত হয় (তালিকা-২)। পুনর্বাসিত ঘরগুলোতে নিয়মিতভাবে ইউনিয়ন ভূমি সহকারি কর্মকর্তাগণ পরিদর্শন করবেন। ঘর ফাঁকা পাওয়া মাত্র ঘরগুলোর দখল নিবেন ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রতিবেদন দাখিল করবেন।

সিদ্ধান্ত ঃ-৩ আশ্রয়ণ প্রকল্প নির্মাণের ক্ষেত্রে পরবর্তী ধাপে কালাপাহাড়িয়া, খাগকান্দা ও বিশনন্দী ইউনিয়নগুলোতে খাস জমি নির্বাচনপূর্বক আশ্রয়ণ প্রকল্প নির্মাণের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়ার বিষয়ে সকলে একমত পোষণ করেন।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(ইশতিয়াক আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
আশ্রয়ন প্রকল্প বাস্তবায়ন উপজেলা টাস্কফোর্স কমিটি
আড়াইহাজার, নারায়ণগঞ্জ

স্মারক নং- ৩১.৪১.৬৭০২.০০২.০৭.০০১.২৩-১২৯

তারিখঃ ২৯/০১/২০২৩ খ্রিঃ

অনুলিপি ( কার্যার্থে ও জ্ঞাতার্থে) :

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, নারায়ণগঞ্জ-২।
২। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
৩। রেভিনিউ ডেপুটি কালেক্টর, নারায়ণগঞ্জ।
৪। উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আড়াইহাজার।
৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
৬। উপজেলা কৃষি কর্মকর্তা, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।



CamScanner

৭। উপজেলা মৎস্য কর্মকর্তা, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
৮। উপজেলা প্রকৌশলী, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
৯। উপ-বিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, নারায়ণগঞ্জ।
১০। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
১১। উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
১২। উপজেলা সমবায় কর্মকর্তা, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
১৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
১৪। উপজেলা শিক্ষা কর্মকর্তা, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
১৫। উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় কর্মকর্তা, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
১৬। উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
১৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
১৮। উপজেলা সাব-রেজিস্টার, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
১৯। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
২০। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
২১। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
২২। ..................................................................................।

(পান্না আক্তার)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
আশ্রয়ন প্রকল্প বাস্তবায়ন উপজেলা টাস্কফোর্স কমিটি
আড়াইহাজার, নারায়ণগঞ্জ

CamScanner